

# বাংলা প্রসার কমিটি

## সহযোগীতা সভা

### সম্মানিত সূধী

আপনারা সবাই অবগত আছেন যে ২০০৬ শিক্ষা বছরের শুরু থেকে NSW Saturday School for Community Languages ৭ম থেকে ১০ম শ্রেণীর ছাত্রছাত্রীদের জন্য বাংলা ক্লাস শুরু করতে যাচ্ছে। এই কোর্সের ছাত্র সংখ্যা এবং সাফল্যের উপর নির্ভর করছে NSW Board of Studies কর্তৃক আয়োজিত HSC পরীক্ষায় বাংলা অন্তর্ভুক্তির ব্যাপারটি। উল্লেখযোগ্য সংখ্যক ছাত্রছাত্রীর অংশগ্রহণ ও কোর্সের সাফল্য দু'টো বিষয়ই নির্ভর করছে কমিউনিটির ব্যাপক অংশগ্রহণের উপর।

এই উদ্দেশ্য সামনে রেখে আগামী ১৭ই সেপ্টেম্বর ২০০৫, শনিবার সকাল ১১:৩০টায় ডালউইচ হিল হাই স্কুল, Seaview St, Dulwich Hill NSW 2203 এ বাঙ্গালী কমিউনিটির স্থানীয় সকল সংগঠন, প্রচার মাধ্যম, ও বাংলা স্কুল সমূহের সাথে জড়িত সকল ব্যক্তিবর্গ, বাংলা পড়তে আগ্রহী ছাত্রছাত্রীদের পিতামাতা এবং যারা বাংলা নিয়ে কাজ করছেন তাদের সকলের সহযোগীতার জন্য এক সভার আয়োজন করা হয়েছে। এই সভায় আমরা আন্তরিকভাবে আপনার স্ববান্ধব উপস্থিতি কামনা করছি। NSW শিক্ষা অধিদপ্তরের কারিকুলাম ডিরেক্টর মি. রবার্ট র্যান্ডল ও SSCL এর প্রিন্সিপাল মিসেস মার্জেরী এলসমোর এই সভায় উপস্থিত থাকবেন। সভার শেষে দুপুরের হালকা খাবারের ব্যবস্থা থাকবে।

আশা করি প্রবাসে আমাদের দ্বিতীয় প্রজন্মের মাঝে আমাদের প্রানের ভাষা বাংলার প্রসার এবং অস্ট্রেলিয়ার শিক্ষা ব্যবস্থায় বাংলা প্রতিষ্ঠায় আপনার মূল্যবান সময়ের কিছুটা আমরা পাবো।

একরাশ শুভেচ্ছার ডালা নিয়ে আমরা আপনার প্রতিক্ষায় থাকলাম।

আব্দুল জলিল

সভাপতি

ফোন: ৯৬১৮ ৬১৩১

মোবাইল: ০৪২২ ৩৪৪ ৯৩৭

ফারুক ইকবাল

সাধারণ সম্পাদক

ফোন: ৯৬৮২ ৪৪৪৬

মোবাইল: ০৪১১ ৮৪২ ০০০